

World Parkinson's Education Program-এর উদ্দেশ্য হচ্ছে পারকিনসন'স রোগ সম্পর্কে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। এই প্রোগ্রামের সূচনা করেন কানাডিয়ান Neurologist Dr.Abdul Qayyum Rana এবং তিনি বিভিন্ন ভাষায় পারকিনসন'স রোগ সম্পর্কে শিক্ষামূলক তথ্য উদ্ভাবন করেন।

আরো বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন।

www.parkinsonseducation.org

This information should not be used as a substitute for the medical care and advice of your physician

Copyright @ 2008
WORLD PARKINSON'S EDUCATION PROGRAM
Copying for the educational purposes is encouraged. It is not permitted to make changes to the written content of this document and author's information.

A.Q.Rana, MD, FRCPC
Neurologist
Parkinson's Clinic of Eastern Toronto
2863 Ellesmere Rd, Suite 404
Scarborough, Ontario, M1E 5E9, Canada
Phone: 416-724-9850

www.parkinsonseducation.org


Frequently Asked Questions About

Parkinson's Disease (PD)
&
Sexual Dysfunction

পারকিনসন'স রোগ (PD)

ও
যৌনশক্তি হ্রাস

World Parkinson's Education Program



Dr.Abdul Qayyum Rana, MD, FRCPC
Neurologist
Toronto, Canada

Bengali/ বাংলা

10 ১০

*"Those who fight Parkinson's with
knowledge always find solutions"*
- Dr. Rana

যৌনশক্তি হ্রাস ও পারকিনসন'স রোগের সম্পর্ক?

এই রোগে আক্রান্ত অনেকেই যৌনশক্তি হারিয়ে ফেলে। স্বাভাবিক ভাবে বয়সের সাথে যৌনশক্তি কমে যায়। আর এই রোগে আক্রান্ত হলে সাধারণত যৌনশক্তি দ্রুত কমে যায়। পুরুষের ক্ষেত্রে erection সমস্যা হয় আর মহিলাদের ক্ষেত্রে যৌন প্রবণতা কমে যায়। অনেকগুলি সমস্যার মধ্যে উত্তেজন সমস্যা, দুশ্চিন্তা, মানসিক চাপ, প্রস্রাব সমস্যা উল্লেখযোগ্য। পারকিনসন'স রোগের উপসর্গের মধ্যে- ধীরে চলা, দুর্বল, হাত-পা কাপা, প্রত্যক্ষভাবে যৌনশক্তি কমে যাওয়াতে বিশেষভাবে উল্লেখযোগ্য। যেহেতু পারকিনসন'স রোগ Motor function এর সাথে জড়িত আর তাই যৌনশক্তি কমে যায়। সম্পর্কের অমিল থেকেও যৌনশক্তি কমে যেতে পারে। ডায়াবেটিক রোগ থেকেও যৌনশক্তি হ্রাস হয়ে যায়। উচ্চ রক্ত চাপের ঔষধ সেবন থেকেও যৌনশক্তি হ্রাস পেয়ে যেতে পারে।

যৌনশক্তি কমে গেলে কিভাবে চিকিৎসা করা হয়?

যৌনশক্তি কমে যাওয়া সমস্যা অন্য স্বাভাবিক শারিরিক সমস্যার মতই। আপনি এই সমস্যা আপনার হেলথ কেয়ার টিমের সাথে আলোচনা করবেন যাতে তারা আপনার প্রয়োজনীয় চিকিৎসা দিতে পারে। অনেক সময় এই সমস্যা গোপন রাখা হয়- তা ঠিক না। আপনার হয়তো মুত্র বিশেষজ্ঞের (Urologist) কাছে যেতে হতে পারে আপনার যৌনশক্তি কমে যাওয়ার চিকিৎসার জন্য। মুত্র বিশেষজ্ঞ জানতে পারবে কিসের কারণে erectile সমস্যা হচ্ছে- যেমন Prostate সমস্যা, Diabetic সমস্যা অথবা মানসিক চাপ। মুত্র বিশেষজ্ঞ আপনার সব ঔষধ পরীক্ষা করে দেখবেন যা যৌনশক্তি সমস্যার কারণ হতে পারে।

নিম্নে কিছু টিপস দেওয়া হলঃ-

ঔষধ ছাড়া বিশেষ উপায় সমূহঃ

- ১। রীতিমত যৌনমিলন আপনাকে যৌনশক্তি কার্যক্ষম থাকতে সাহায্য করবে এবং আপনার সম্পর্ক সুদৃঢ় থাকবে। আপনার যৌন সম্পর্ক স্বাভাবিকের চেয়ে কম হলে সম্পর্কের অবনতি হতে পারে।
- ২। যৌন সম্পাদনে আরামদায়ক পরিবেশ সহায়ক।
- ৩। আপনার সহকর্মীর সাথে খোলাখুলি আলোচনা অত্যন্ত ফলপ্রসূ।
- ৪। আপনি যৌন বিশেষজ্ঞের সাথে আলোচনা করতে পারেন।
- ৫। ভ্যাকাম এবং কম্পন যন্ত্র বিশেষ সহায়ক।
- ৬। আদর ও সোহাগ করেও আপনার সম্পর্ক শক্তিশালী করে রাখতে পারেন।

ঔষধের সাহায্যে চিকিৎসা

- ১। পারকিনসন'স রোগের ঔষধ Dopamine agonists- Pramipexole, Ropinarole, Apomorphine যৌনশক্তি বৃদ্ধিতে সাহায্য করে।
- ২। মানসিক চাপ যৌনশক্তি হ্রাসের কারণ হতে পারে- তাই যদি মানসিক চাপে থাকেন তবে চিকিৎসার প্রয়োজন। কিছু ঔষধ মানসিক চাপ রোগের চিকিৎসাতে ব্যবহার হয়- যার পার্শ্ব প্রতিক্রিয়া যৌনশক্তি হ্রাসে সহায়ক।
- ৩। ঔষধ যেমন-Sildenafil or Viagra, Vardenafil, Tadalafil, Yohimbine, Alprostadil, Surgical implants such- Semi rigid rods এবং Hydraulic Prosthesis একমাত্র ব্যবহারযোগ্য যথাযথ ডাক্তারের পরামর্শে।

উপরোক্ত ঔষধগুলির খুব বেশী পার্শ্বক্রিয়া আছে- যেমন- মাথাব্যথা, মুখ লালচে হয়ে যাওয়া, পেটের সমস্যা, চোখে ঝাপসা দেখা, আলো সহ্য করতে না পারা, রক্ত চাপ মাত্রারিহিত কমে যাওয়া।

যদি খাওয়ার ঔষধের সাহায্যে উপরোক্ত সমস্যা সমাধান না হয় তাহলে কিছু ঔষধ আছে যা ইনজেকশনের মাধ্যমে পুরুষ অঙ্গে প্রবেশ করানো হয় এবং কিছু বিশেষ যন্ত্রের সাহায্যে পুরুষ অঙ্গে রক্ত প্রবাহ বাড়ান হয়। Dopamine সহায়ক ঔষধ অনেক সময় যৌনশক্তির মাত্রা অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে। এমন অবস্থায় ডাক্তারের পরামর্শ অত্যন্ত দরকার।

অন্যান্য পরামর্শঃ

PD ছাড়া অন্য রোগের ঔষধ সেবন করলে ডাক্তারের সাথে পরামর্শ করে নিশ্চিত হতে হবে যে - সে সমস্ত ঔষধের পার্শ্বপ্রতিক্রিয়া যেন যৌনশক্তিতে ব্যাঘাত না ঘটায়। বয়স্ক মহিলাদের ক্ষেত্রে মাসিক বন্ধ হয়ে যাওয়ার সাথেও সম্পর্কযুক্ত হতে পারে।